[redacted]

[redacted]

[redacted]

[

আসামী বিভিন্ন সময় বাদীকে নানাভাবে ভয়ভীতি ও প্রাণনাশের হুমকি দেয়। আসামী সাংবাদিক পরিচয় দিয়ে বিভিন্ন মানুষের সাথে প্রতারণা করে চলেছে। আসামীর বিরুদ্ধে আদালতে চাঁদাবাজির মামলা চলমান রয়েছে।

এছাড়া সম্প্রতি হোটেল আটলান্টিকা নিয়ে ব্ল্যাকমেইলার চার সাংবাদিকের মধ্যে মিজানুর রহমান জনি অন্যতম। ওই মামলার আসামি প্রিয়া খান ও ছন্দা খাতুন পৃথক পৃথক জবানবন্দীতে মিজানুর রহমান জনিকে অভিযুক্ত করেছেন। যা নিয়ে গত ১ ডিসেম্বর মেহেরপুর প্রতিদিন সংবাদ প্রকাশ হয়। সংবাদ প্রকাশের পর থেকে মিজানুর রহমান জনি আত্মগোপনে ছিলেন।

দর্শনায় যথাযথ মর্যাদায় বিজয় দিবস পালন

বিজয়ের লাল ছুঁয়ে যাক মহাকাল।মহান বিজয় দিবসের সুবর্ণ জয়ন্তী উপলক্ষে দর্শনা পৌরসভার আয়োজনে যথাযথ মর্যাদায় মহান বিজয় দিবস পালিত হয়েছে।

শুক্রবার ১৬ ডিসেম্বর সকাল ৮ টায় দর্শনা পৌর আওয়ামীলীগ, বিএনপি-সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, সরকারী-বেসরকারী সংস্থা, রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংগঠন, থিয়েটার গ্রুপ ও পেশাজীবি ২৮টি সংগঠন দর্শনা কলেজ মাঠে বিজয় দিবসের নানা কর্মসুচি পালন করেছেন।

এসব কর্মসূচির মধ্যে ছিলো, সকাল সাড়ে ৮টায় দর্শনা কলেজ মাঠে নিজ নিজ সংগঠনের ব্যানার নিয়ে উপস্থিতি। সকাল ৯টায় জাতীয় সংগীতের সাথে জাতীয় পতাকা ও মুক্তিযুদ্ধের পতাকা উত্তোলন করেন বীর মুক্তিযোদ্ধা ও দর্শনা পৌর আ.লীগের সহ সভাপতি রুস্তম আলী,বীর মুক্তিযোদ্ধা কমরেড শহিদুল ইসলাম । জাতির জনক বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পমাল্য অর্পন। উপস্থিত বীর মুক্তিযোদ্ধাদের ফুলেল শুভেচ্ছা প্রদান।

এরপর উপস্থিত সকল সংগঠনের সদস্যদের শফত বাক্য পাঠ করান বীর মুক্তিযোদ্ধা জয়নাল আবেদীন। শফত বাক্য পাঠ শেষে প্রত্যেক সংগঠন এক সাথে র্যালী করে দর্শনা শহরের প্রধান প্রধান সড়ক প্রদিক্ষন শেষে দর্শনা কলেজ মাঠে স্মৃতিস্তম্ভে পর্যায়ক্রমে সংগঠনগুলা পুস্পমাল্য অর্পন করেন।

এসব সংগঠনের মধ্যে ছিলো দর্শনা পৌরসভা, দর্শনা মুক্তিযোদ্ধা সংসদ, ওয়েভ ফাউন্ডেশন, দর্শনা অনিবার্ণ থিয়েটার, দর্শনা প্রেসক্লাব, দর্শনা সরকারী কলেজ, দর্শনা রিক্সা ও ভ্যান শ্রমিক ইউনিয়ন, চুয়াডাঙ্গা আন্তঃ ট্রাংকলরী শ্রমিক ইউনিয়ন, মেমনগর বিডি মাধ্যমিক বিদ্যালয়, হিন্দোল সংগীত পরিষদ, দর্শনা গণ-উন্নয়ন গ্রন্থাগার, শান্তি নগর সরকারী প্রাথমিক বিদ্যালয়, শ্যামপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়, পরাণপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়,, দর্শনা ডি এস ফাযিল ডিগ্রী মাদ্রাসা, দর্শনা দক্ষিন চাঁদপুর মাধ্যামিক বিদ্যালয়, দর্শনা বালিকা মাধ্যমিক বিদ্যালয়, মাথাভাঙ্গা যুব সংঘ, পশ্চিম রামনগর সরকারী প্রাথমিক বিদ্যালয়, দক্ষিন চাঁদপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়, মৌচাক সামাজিক উন্নয়ন সংস্থা, উপজেলা হিন্দু,বৈাদ্ধ ও খৃষ্টান ঐক্য পরিষদ।

এ মহান বিজয় দিবসেপুস্পমাল্য অর্পন করেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা আ.লীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু,বীর মুক্তিযোদ্ধা সৈয়দ মজনুর রহমান,দর্শনা সরকারী কলেজের ভারপ্রাপ্ত পিন্সপাল ড. মফিজুর রহমান,দামুড়হুদা যুবলীগের সভাপতি আঃ হান্নান ছোট,শেখ আসলাম আলী তোতা,আঃ মান্নান,ছাত্রলীগের পক্ষে পুস্পমাল্য অর্পন করেন রফিকুল ইসলাম ববি,নাহিদ পারভেজ,তোফাজ্জেল হোসেন তপু প্রভাত, বাংলাদেশ জাতীয়তাবাদি বিএনপির পক্ষে পুস্পমাল্য অর্পন করেন বীর মুক্তিযোদ্ধা জেলা বিএনপির সদস্য খাজা আবুল হাসনাত,দর্শনা পৌর বিএনপির প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট,সাংগঠনিক সম্পাদক নাহারুল ইসলাম।

অনুষ্ঠান পরিচালনা করেন, দর্শনা পৌর আওয়ামীলীগের যুগ্ন সম্পাদক গোলাম ফারক আরিফ। সন্ধায় দর্শনা অনিবার্ণ থিয়েটারের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান।

অপরদিকে দর্শনা কেরুজ চিনিকল কমান্ড পৃথক ভাবে পালন করেছে মহান বিজয় দিবস। সকালে কেরুজ ক্লাবমাঠে জাতীয় ও মুক্তিযোদ্ধা পতাকা উত্তোলন, কেরুজ শ্রমিক ইউনিয়ন সংলগ্ন শহীদ বেদীতে পুষ্পস্তম্ভক অর্পন করেন, কেরু এ্যান্ড কোম্পানীর পক্ষে প্রতিষ্ঠানের

ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন, কেরুজ চিনিকল কমান্ড মুক্তিযোদ্ধার পক্ষে শিক্ষক বীর মুক্তিযোদ্ধা আমজাদ হোসেন, কেরুজ শ্রমিক কর্মচারী ইউনিয়নের পক্ষে সভাপতি ফিরোজ আহম্মেদ ও সাধারন সম্পাদক মাসুদুর রহমান, সহ-সভাপতি মোস্তাফিজুর রহমান, সহ-সম্পাদক খবির উদ্দিন, কেরুজ উচ্চ বিদ্যালয় ও প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সহ সহকারী শিক্ষকবৃন্দরা।

পরে কেরুজ ক্লাবমাঠে মুক্তিযুদ্ধো ও দেশ স্বাধীনতা লাভের বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা সহ সংক্ষিপ্ত আলোচনার করা হয়। এসময় উপস্থিত ছিলেন, মহা-ব্যাবস্থাপক (অর্থ) মুহম্মদ সাইফুল ইসলাম, মহা- ব্যাবস্থাপক (ডিষ্ট্রিলারী) ফিদা হাসান বাদশা, মহা-ব্যবস্থাপক (কারখানা) সুমন কুমার সাহা,উপ-ব্যবস্থাপক (অর্থ) শেখ জাবেদ হাসান, উপ-ব্যবস্থাপক (প্রশা ও প্রশি) মাসুদ রেজা, প্রমুখ। এছাড়াও দিনব্যাপী ব্যাপক কর্মসূচির মধ্যদিয়ে দিবসটি উদযাপন করা হয়েছে।

কর্মসূচির মধ্যে রাত ১২টা ১ মিনিটে চিনিকল মুক্তিযোদ্ধা কমান্ড ও শ্রমিক কর্মচারী ইউনিয়নের ৩৩বার তোপধ্বনী, বিদ্যালয় ছাত্র-ছাত্রীদের মিষ্টি বিতরণ, মসজিদ, গীর্জা ও মুন্দিরে প্রার্থনা,হাসপাতাল রোগীদের ফলমূল বিতরণ, চিনিকল কর্মকর্তা, শ্রমিক-কর্মচারী ও মুক্তিযোদ্ধাদের মধ্যে প্রীতি ভলিবল প্রতিযোগীতা সহ বিভিন্ন প্রতিযোগীতা ও পুরুস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

এছাড়া বিজয় দিবসে কেরুজ জেনারেল অফিস, ডিষ্টিলারী কারখানা, কেরুজ ক্লাব ও ইউনিয়ন অফিস আলোকসজ্জা করা হয়েছে। সবশেষে সন্ধায় কেরুজ ক্লাব মাঠে সাংস্কৃতিক সন্ধার আয়োজন করা হয়।

গাংনীতে বিজিবি’র উদ্যোগে ফ্রী মেডিকেল ক্যাম্প ও কম্বল

বিতরণ

কুষ্টিয়া ব্যাটালিয়ন(৪৭ বিজিবি)র উদ্যোগে মহান বিজয় দিবস উপলক্ষে দুস্থ্য জনসাধারণকে ফ্রী মেডিকেল ক্যাম্পে চিকিৎসা সেবা প্রদান ও বিনামুল্যে ওষুধ বিতরণ ও শীতার্থ মানুষের মাঝে কম্বল বিতরণ করেছে কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭বিজিবি)।

শুক্রবার দিনব্যাপী মানবিক কার্যক্রম পরিচালনায় এলাকাবাসী বিভিন্ন প্রকার সেবা গ্রহন করেন বিজিরি কাছ থেকে। আজ সকালে মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর ক্যাম্পে ফ্রী মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়।

বিকেলে গাংনী উপজেলার রংমহল গ্রামে ফ্রী মেডিকেল ক্যাম্পে দেড়শতাধিক মানুষকে চিকিৎসা সেবা ও বিনামুল্যে ওষুধ বিতরণ করা হয় এবং রাধাগোবিন্দপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে শতাধিক শীতার্থ মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়। চিকিৎসা সেবা প্রদান করেন চুয়াডাঙ্গা বিজিবি হাসপাতালের সার্জারি বিভাগের বিশেষজ্ঞ চিকিৎসক মেজর মোহাম্মদ আব্দুল কাদের মিয়া।

এসময় কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) অধিনায়ক লেফটেন্যান্ট কর্ণেল আরিফুল হক ও সহকারি পরিচালক (এডি) জিয়াউর রহমান বিজয় দিবসের এসকল মানবিক কার্যক্রম পরিদর্শন করেন এবং নিজ হাতে কম্বল ও ওষূধ বিতরণ করেন।

কার্যক্রমের সার্বিক সহায়তা করেন কাথুলী বিজিবির কোম্পানী কমান্ডার সাইফুল ইসলাম,রংমহল ক্যাম্প কমান্ডার হাবিলদার আব্দুল কাদেরসহ স্থানীয় বিজিবি ক্যাম্পের সদস্যবৃন্দ।

জীবননগরে নানা আয়োজনে মহান বিজয় দিবস উদযাপন

৩১বার তোপধ্বনির মধ্য দিয়ে জীবননগরে মহান বিজয় দিবসের

আনুষ্ঠানিকতা শুরু হয়। সকালে শহীদ বেদিতে জীবননগর উপজেলা প্রশাসন,উপজেলা আওয়ামীলীগ,পৌরসভা,ছাত্রলীগসহ বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

পরে জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকুনুজ্জামানের সভাপতিত্বে জীবননগর থানা পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজি হাফিজুর রহমান,উপজেলার সহকারী কমিশনার (ভূমি) তিথি মিত্র, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আব্দুল খালেক, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,বাকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান প্রমুখ।

মুজিবনগরে ৪৭ বোতল ফেনসিডিলসহ মাদক ব্যাবসায়ী আটক

মেহেরপুরের মুজিবনগরে পুলিশের মাদকবিরোধী অভিযানে ৪৭ বোতল ভারতীয় ফেনসিডিল সহ সিরাজুল (৪৫) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

শুক্রবার সকাল সাড়ে ১১টার সময় মুজিবনগর থানাধীন মানিকনগর গ্রামের জনৈক জলিলের বাড়ির সামনে রাস্তার উপর অভিযান চালিয়ে মাদক ব্যবসায়ী সিরাজুলকে আটক করে পুলিশ।

এ সময় তার স্বীকারোক্তিতে তার নিজের কাছে বহনকৃত একটি বস্তার মধ্যে লুকিয়ে রাখা অবস্থায় ৪৭ বোতল ফেনসিডিল উদ্ধার করে পুলিশ।

আটক মাদক ব্যবসায়ী সিরাজুল চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার মুন্সিপুর গ্রামের ছলেমানের ছেলে।

মুজিবনগর থানা সূত্রে জানা গেছে, গোপন সংবাদের উপর ভিত্তি করে

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ(ওসি) মেহেদী রাসেলের নির্দেশে ও নেতৃত্বে এস আই উত্তম কুমার, এস আই সাহেব আলী, এস আই বিপ্লব সহ সঙ্গীয় ফোর্স এই অভিযান পরিচালনা করেন।

ওসি মেহেদি রাসেল জানান মাদকবিরোধী অভিযানে শুক্রবার সকাল সাড়ে ১১ দিকে অভিযান চালিয়ে সিরাজুল নামের এক মাদক ব্যবসায়ীকে ৪৭ বোতল ভারতীয় ফেনসিডিলসহ আটক করা হয়েছে। তার বিরুদ্ধে মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে শনিবার বিজ্ঞ আদালতে প্রেরণ করা হবে।

দর্শনায় ফেনসডিলসহ তিন মাদক ব্যাবসায়ী আটক

চুয়াডাঙ্গার দর্শনায় মাদকবিরোধী অভিযান পরিচালনা করে ৬০ বোতল ফেন্সিডিলসহ তিন মাদক কারবারিকে আটক করেছে পুলিশ।

শুক্রবার (১৬ই ডিসেম্বর) ভোর সাড়ে ৫টার সময় পৌরশহরের দক্ষিণ চাঁদপুর গ্রাম হতে তাদের ৩ জনকে আটক করা হয়।

আটককৃতরা হলো, দর্শনা থানাধীন মদনা গ্রামের মৃত নজির আহম্মেদের ছেলে আব্দুল হালিম (৩৬), দক্ষিণ চাঁদপুর গ্রামের মৃত দানেস মণ্ডলের ছেলে আক্তার হোসেন (৫৫) এবং পারকৃষ্ণপুর গ্রামের মজিবুল হকের ছেলে সেলিম হোসেন (২৩)। তাদের বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে।

বিষয়টি নিশ্চিত করে দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) এ.এইচ.এম লুৎফুল কবীর জানান, গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার এসআই সোহেল রানা এবং এএসআই মামুনুর রহমান সঙ্গীয় ফোর্সসহ শুক্রবার ভোর সাড়ে ৫টার সময় দর্শনা থানাধীন দক্ষিণ চাঁদপুর গ্রামে মাদকবিরোধী অভিযান পরিচালনা করেন। অভিযান পরিচালনাকালে দক্ষিণ চাঁদপুর গ্রামের আক্তার হোসেনের বাড়ির পিছনের পাকা রাস্তার উপর হতে তিনজনকে আটক করা হয়।

আটককৃতদের কাছে থেকে ৬০ বোতল ভারতীয় ফেন্সিডিল উদ্ধার করা হয়।

আজ তাদেরকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করা হয়েছে।

ইউক্রেনজুড়ে ব্যাপক ক্ষেপণাস্ত্র-ড্রোন হামলা, কয়েকটি শহর বিদ্যুৎহীন

ইউক্রেনজুড়ে ব্যাপক ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালিয়েছে রাশিয়া। আজ শুক্রবার রাজধানী কিয়েভসহ উত্তরে খারকিভ, দক্ষিণে ওদেসা ও মধ্যাঞ্চলীয় ক্রিভিহ রিহ শহরেও হামলার ঘটনা ঘটে। জ্বালানি অবকাঠামোয় হামলার কারণে কয়েকটি শহরে বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে গেছে।

চলতি সপ্তাহে ইউক্রেনের শহরগুলোয় হামলার তীব্রতা বাড়িয়েছে রাশিয়া। এসব হামলায় দেশটির বেসামরিক অবকাঠামোকে লক্ষ্যবস্তু করা হয়েছে বলে অভিযোগ করে আসছে কিয়েভ।

হামলার পর খারকিভে বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে গেছে। কিয়েভে তিনটি বিস্ফোরণের শব্দ শোনা গেছে। ক্রিভিহ রিহ শহরে একটি আবাসিক ভবনে হামলার ফলে সম্ভাব্য হতাহতের বিষয়ে সতর্ক করেছেন কর্মকর্তারা।

আরও কয়েকটি শহরে হামলা হয়েছে। গোটা ইউক্রেনে ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলার সাইরেন বাজানো হয়। দক্ষিণাঞ্চলীয় মিকোলাইভ শহরের মেয়র ভিতালি কিম বলেন, ৬০টির মতো ক্ষেপণাস্ত্র ছোড়া হয়েছে বলে ধারণা করা হচ্ছে।

রাশিয়া সীমান্তবর্তী ইউক্রেনের উত্তরাঞ্চলীয় সুমি শহরও বিদ্যুৎ–বিচ্ছিন্ন। পাশাপাশি মধ্যাঞ্চলীয় পোলতাভা ও ক্রেমেনচুক শহরেও বিদ্যুৎ নেই।

কিয়েভের মেয়র ভিতালি ক্লিৎসকো বলেন, শহরের তিনটি এলাকায় হামলা হয়েছে। জ্বালানি অবকাঠামো ক্ষতিগ্রস্ত হওয়ায় পানি সরবরাহ বিঘ্নিত হয়েছে। কিছু সময়ের জন্য শহরের মেট্রোরেল পরিষেবাও বন্ধ

হয়ে যায়।

আঞ্চলিক প্রশাসনের প্রধান ওলেকসি কুলেবা বলেন, ‘ব্যাপকভাবে ইউক্রেনে হামলা’ চালাচ্ছে রাশিয়া।

দক্ষিণে জাপোরিঝঝিয়ায় ১৫টি ক্ষেপণাস্ত্র ছোড়া হয়েছে বলে জানা গেছে। উত্তর-পশ্চিমাঞ্চলীয় জিতোমির অঞ্চলের কর্মকর্তারা বলেন, প্রাথমিক তথ্য অনুযায়ী একই সময় ওই অঞ্চলে রাশিয়া রকেট ও আত্মঘাতী (কামিকাজে) ড্রোন হামলা চালিয়েছে।

জ্বালানি অবকাঠামোয় রুশ হামলার কারণে লাখো ইউক্রেনীয় বর্তমানে বিদ্যুৎহীন অবস্থায় রয়েছে। তীব্র শীতের মধ্যে বিদ্যুৎ না থাকায় তারা নিজেদের ঘরের তাপমাত্রা স্বাভাবিক রাখতে পারছে না।

রাশিয়ার এ ধরনের হামলার পরিপ্রেক্ষিতে ইউক্রেনের আকাশ প্রতিরক্ষাব্যবস্থা শক্তিশালী করতে পশ্চিমা মিত্রদের প্রতি আহ্বান জানিয়ে আসছে কিয়েভ। এরই পরিপ্রেক্ষিতে ইউক্রেনকে প্যাট্রিয়ট ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষাব্যবস্থা পাঠানোর পরিকল্পনা চূড়ান্ত করছে যুক্তরাষ্ট্র।

সূত্র: বিবিসি

মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠান

১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষে বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা ও শহিদ বীর মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের সংবর্ধনা ও আলোচনা সভার আয়োজন করা হয়।

শুক্রবার দুপুরে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমিতে সংবর্ধনা ও আলোচনা সভার আয়োজন করা হয়।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে প্রধান

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার রাফিউল আলম, জেলা পরিষদের চেয়ারম্যান মোহাম্মদ আব্দুস সালাম, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক এ সময় স্বাগত বক্তব্য রাখেন।

এর আগে বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা ও শহিদ বীর মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের ফুল দিয়ে বরণ করা হয়।

মুজিবনগর উপজেলায় যথাযথ মর্যাদায় মহান বিজয় দিবস পালিত

মুজিবনগর স্মৃতিসৌধ, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, কুচকাওয়াজ, ডিসপ্লে, শরীর চর্চা, দোয়া মাহফিল অনুষ্ঠানের মধ্য দিয়ে মুজিবনগরের পালিত হয়েছে মহান বিজয় দিবস।

মুজিবনগরে শুক্রবার সারাদিন ব্যাপী বিভিন্ন অনুষ্ঠানের মধ্যে দিয়ে যথাযোগ্য মর্যাদার সহিত মহান বিজয় দিবস পালন করা হয়েছে। ভোর ছয়টার সময় ঐতিহাসিক মুজিবনগর সৃতিসৌধে ৩১বার তোপধনির মাধ্যমে দিবসের শুভ সূচনা করা হয়।

সূর্যোদয়ের সাথে সাথে সকল সরকারী, আধা সরকারী, স্বায়ত্বশাসিত ও বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন করা হয়।সকাল সাড়ে ৬ টায় মুজিবনগর সৃতিসৌধ ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

পুষ্পমাল্য অর্পন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেষ বিশ্বাস এর নেতৃত্বে উপজেলা প্রশাসন। জাতীর শ্রেষ্ঠ সন্তান মুক্তিযোদ্ধারা, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি)মেহেদি রাসেল এর নেতৃত্বে মুজিবনগর থানা।

মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা ও সাধারণ

সম্পাদক আবুল কালাম আজাদ এবং উপজেলা আওয়ামী লীগের (সাবেক) সাধারণ সম্পাদক আমাম হোসেন মিলু, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগ, উপজেলা আনসার ভিডিপি,মুজিবনগর অফিসার্স ক্লাব,মহাজনপুর,বাগোয়ান,মোনাখালি,দারিয়াপুর ইউনিয়নের চেয়ারম্যান,আমাম হোসেন মিলু,আয়ুব হোসেন,মফিজুর রহমান,মাহবুবুর রহমান রবি এর নেতৃত্বে চার ইউনিয়ন পরিষদ।

মুজিবনগর উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলাল উদ্দীন সম্পাদক সাকিব এর নেতৃত্বে উপজেলা ছাত্রলীগ, সেচ্ছাসেবকলীগের সহসভাপতি মতিউর রহমান মতিন এর নেতৃত্বে উপজেলা সেচ্ছাসেবকলীগ,মুজিবনগর উপজেলা কৃষকলীগের সভাপতি জাহিদ হাসান রাজিব ও সম্পাদক মানিক এর নেতৃত্বে উপজেলা কৃষকলীগ, মুজিবনগর প্রেসক্লাব,তাঁতীলীগ, মুক্তিযুদ্ধ প্রজন্মলীগ, সৈনিকলীগ ও মুজিবনগর শিশু পরিবার, মুজিবনগর স্বাস্হ্য কমপ্লেক্স, বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

পরে সকাল সাড়ে ৮ টার সময় উপজেলা পরিষদ চত্বরে আনুষ্ঠানিক ভাবে জাতীয় পতাকা উত্তোলন করেন উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস, উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মেহেদি রাসেল, এর পর বিজয় দিবস উদযাপন অনুষ্ঠানের সভাপতি উপজেলা নির্বাহি অফিসার অনিমষ বিশ্বাস এর উদ্বোধনী বক্তব্যের মধ্যদিয়ে শুরু হয় কুচকাওয়াজ ও শরীর চর্চা প্রদর্শন ও ক্রীড়া প্রতিযোগিতা উপজেলা পরিষদ চত্বরে কুচকাওয়াজ ও শরীরচর্চা প্রদর্শনে অংশ নেন বীরমুক্তিযোদ্ধা, পুলিশ, বিএনসিসি, আনসার ভিডিপি, বাংলাদেশ স্কাউট ও স্কুল কলেজ ও মাদ্রাসার শিক্ষার্থীরা।

সকাল সাড়ে দশটার সময় সকল স্কুল কলেজের শিক্ষার্থীদের মাঝে ক্রীড়া প্রতিযোগিতা ও সাড়ে ১১ সময় বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত মুক্তিযোদ্ধাও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের সংবর্ধনা দেওয়া হয়। পরে ক্রীড়া প্রতিযোগী বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরণ করা হয়।

এছাড়াও বাদ জোহর জাতীর শান্তি, অগ্রগতি ও মঙ্গল কামনা করে উপজেলার সকল মসজিদে বিশেষ মোনাজাত এবং সুবিধা মত সময়ে মন্দির গীর্জা ও অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে বিশেষ পার্থনা এবং দুপুরে উপজেলার সকল এতিমখানা ও হাসপাতালে উন্নতমানের খাবার পরিবেশন করা হয়। বিকাল তিনটায় শুরু হয় সৌখিন ফুটবল প্রতিযোগিতা, এবং সাংস্কৃতি অনুষ্ঠান। সন্ধায় সকল সরকারী ও বেসরকারী ভবনসমূহে

আলোকসজ্জার মধ্যে দিয়ে বিজয় দিবসের দিন ব্যাপি কর্মসূচি শেষ করা হয়।

গাংনীতে নানা কর্মসূচীর মধ্য দিয়ে বিজয় দিবস উদযাপন

মেহেরপুরের গাংনীতে নানা কর্মসুচির মধ্য দিয়ে পালিত হয়েছে মহান বিজয় দিবস। দিবসটি উপলক্ষে ভোরে ৩১ বার তোপধ্বনির মধ্য দিয়ে শুরু হয় দিনের কর্মসূচী।

সূর্যোদয়ের সাথে সাথে উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে উপজেলা প্রশাসনের পক্ষ উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম পুষ্পস্তবক অর্পণ করেন।

গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সাবেক সংসদ সদস্য মকবুল হোসেন, গাংনী প্রেসক্লাব পক্ষ থেকে সভাপতি তৌহিদ উদ দৌলা রেজাসহ সকল সদস্যরা ফুল দিয়ে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

পরে একে বিভিন্ন অফিস, শিক্ষা প্রতিষ্ঠান, রাজনৈতিক ও সাংস্কৃতিক সংগঠনকসহ নানা শ্রেণী পেশার মানুষ ফুল দিয়ে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

সকাল ৯ টায় আনুষ্ঠানিকভাবে পতাকা উত্তোলন করা, মাঠে কুচকাওয়াজ ও শরীরচর্চা আয়োজন করা হয়। বেলা ১১ টার সময় উপজেলা পরিষদ চত্বরে উপজেলা প্রশাসনের উদ্যোগে বীর মুক্তিযোদ্ধ, যুদ্ধ আহত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারকে সংবর্ধনা প্রদান করা হয়।

এসময় বিজয় দিবসের তাৎপর্যপুর্ণ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এছাড়াও দিনব্যাপী নানা কর্মসূচী পালন করা হয়।